Times Today BD

জেলা প্রতিনিধি | বরিশাল | 03 May, 2025

পটুয়াখালীর বাউফলে নিখোঁজের ৩ দিন পর বাড়ির খড়ের গাদার পাশ থেকে যুবকের মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

শনিবার (০৩ মে) সকালে আদাবাড়িয়া ইউনিয়নের দক্ষিণ লক্ষীপাশা গ্রামের শহীদ ডাক্তার বাড়ির পাশ থেকে মরদেহটি উদ্ধার করা হয়।নিহত মো. ইব্রাহীম খলিল (৩১) ওই এলাকার মো. হাচন গাজীর ছেলে।তিনি দুই সন্তানের জনক বলে জানা গেছে।

স্থানীয় ও পারিবারিক সূত্রে জানা গেছে, গত মঙ্গলবার (২৯ এপ্রিল) সন্ধ্যার পরে ঘর থেকে বের হন ইব্রাহীম খলিল।এরপর থেকে তার কোনো খোঁজ পাওয়া যাচ্ছিল না।সকালে খড়ের গাদার পাশে লাশ দেখতে পায় আছিয়া নামে স্থানীয় দশম শ্রেণির এক শিক্ষার্থী।পরে খবর পেয়ে বাউফল থানার পুলিশ মরদেহ উদ্ধার করে মর্গে পাঠায়।

এবিষয়ে বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আকতারুজ্জামান সরকার বলেন, আমরা ঘটনাস্থলে এসেছি এবং মরদেহ উদ্ধার করে সুরতহাল করার জন্য পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

মরদেহ পুলিশ উদ্ধার

© 2025 TimesToday. All Rights Reserved.